তারিখ 20 MAY 1992
পৃষ্ঠা ... কলাম ...

32

দৈনিক ইত্তেফাক

# শিক্ষা বিস্তারে দলমত নির্বিশেষে সকলকে আন্তরিক হইতে হইবে

......প্রেসিডেন্ট

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল মঙ্গলবার শিক্ষা সপ্তাহের সমাপ্তি দিনে শিল্পকলা একাডেমী মিলনায়তনে এক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি প্রেসিডেন্ট

(১০ম পৃ: ৮-এর কঃ দ্রঃ)

## প্রেসিডেন্ট

( ১ম পৃ: পর )

আবদুর রহমান বিশ্বাস সমাজের সর্বস্তরে শিক্ষা বিস্তারের জন্য সচ্ছল ব্যক্তিদের আগাইয়া আসার আহ্বান জানাইয়াছেন। তিনি বলেন, স্বাধীনতার ২১ বৎসর পরও দেশে শিক্ষার হার বাড়ে নাই। এই পরিস্থিতি মোকাবেলা করিতে হইলে দল-মত নির্বিশেষে সকলকে আন্তরিক হইতে হইবে। শিক্ষামন্ত্রী জমির উদ্দিন সরকার, শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ ইউনুস খান, শিক্ষা সচিব শফিউল আলম, অতিরিক্ত শিক্ষা সচিব আবদুল্লাহ হারুন পাশা অনুষ্ঠানে বক্তৃতা করেন। অনুষ্ঠানে শিক্ষা ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য দেশের ২৬টি শিক্ষা প্রতিষ্ঠান, ৩৪ জন শিক্ষক, ২ জন শিক্ষা প্রশাসক এবং সহ পাঠ্যক্রমিক ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় জাতীয় পর্যায়ে পুরস্কারপ্রাপ্ত ৯৯ জন ছাত্র-ছাত্রীকে সার্টিফিকেট, পদক বিতরণ করা হয়।

প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস বলেন, নিরক্ষরতা আমাদের একটি প্রধান সমস্যা। শিক্ষা ক্ষেত্রে কাহাকেও নৈরাজ্য সৃষ্টি করিতে দেওয়া হইবে না। শ্রেষ্ঠ শিক্ষক হিসাবে যাঁহারা পুরস্কৃত হইলেন তাঁহারা আমাদের গর্ব। আমাদের প্রত্যাশা এইসব গুণী ব্যক্তি শিক্ষাঙ্গনে হতাশাব্যঞ্জক পরিস্থিতি মোকাবিলায় আন্তরিক হইবেন।

প্রেসিডেন্ট বলেন, এই প্রথম রাষ্ট্রীয় পর্যায়ে নারী শিক্ষার প্রতি গুরুত্ব দেওয়া হইয়াছে। যে, কোন মূল্যে আমরা শিক্ষার হার বাড়াইতে চাই। প্রতিবেশী ভারত শ্রীলংকা পাকিস্তান এমনকি বার্মাতেও আমাদের চাইতে শিক্ষার হার বেশী। তিনি শিক্ষার সুষ্ঠু পরিবেশ রক্ষায় সংশ্লিষ্ট সকল মহলের আন্তরিক সহযোগিতা কামনা করেন।

শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমির উদ্দিন সরকার বলেন, আগামী ১১ বৎসরের মধ্যে দেশে নিরক্ষরতা দূরীকরণের জন্য আমরা বদ্ধপরিকর। শিক্ষা প্রতিমন্ত্রী ইউনুস খান বলেন, সন্ত্রাস ও অবক্ষয়ের মধ্যে বসবাস করিয়াও আমাদের ছাত্র-শিক্ষকগণ মেধার পরিচয় দিতেছেন